

যায়যায়দিন

15 JAN 2007  
পৃষ্ঠা ২ কলাম ৩

৩৪ সিলেক্স

## রাজনৈতিক অস্থিরতায় ভর্তি প্রক্রিয়া ব্যাহত

### বুয়েট রিপোর্টার

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে ২০০৬-০৭ ভর্তি প্রক্রিয়ার লিপিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ১০ ও ১১ জানুয়ারির স্থগিত মৌখিক ও মেডিক্যাল টেস্টের তারিখ পরে ওয়েবসাইট [www.buet.ac.bd](http://www.buet.ac.bd) এই ঠিকানায় জানিয়ে দেয়া হবে।

অবরোধের দিন ছাড়া অন্য দিনগুলোতে চলতি ব্যাচের ক্লাসগুলো অনুষ্ঠিত হলেও মৌখিক ও মেডিক্যাল টেস্টের তারিখ অবরোধের মাঝে পড়ায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ পরিপ্রেক্ষিতে নতুন ব্যাচকে

বসিয়ে না রেখে তাড়াতাড়ি ক্লাস শুরু করার প্রক্রিয়াটিও অনিশ্চয়তার মধ্যে পড়ে গেছে।

এ ব্যাপারে ভর্তি কমিটির চেয়ারম্যান সিডিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ডিন ড. মোঃ হোসেন আলী বলেন, 'সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ভর্তির পরবর্তী সিদ্ধান্ত যতো দ্রুত সম্ভব জানিয়ে দেয়া হবে। তবে নতুন ব্যাচকে পরের টার্মের সঙ্গেই শুরু করা হবে। চলতি টার্মেরও বেশি বাকি নেই। ভর্তি প্রক্রিয়াও সময়সাপেক্ষ। কাজেই এ পরিস্থিতিতে নতুন ব্যাচ পরের টার্মের সঙ্গেই শুরু হবে।'